গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : "মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ড হার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সচিব
সভার তারিখ	১৪/০১/২০২০।
সভার সময়	০২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান ৪৩২৫৫.৪২ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ২৩.৮৮% এবং আর্থিক অগ্রগতি ১৯.১৯%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতাভূক্ত ১৬ টি প্যাকেজের মধ্যে বাঁধের ঢাল ও নদী তীর সংরক্ষণ সংক্রান্ত ১০ টি প্যাকেজের গড় অগ্রগতি ৫০%। বাঁধের ঢাল ও নদী তীর সংরক্ষণ সংক্রান্ত প্যাকেজ গুলো আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই সমাপ্ত করার জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে প্রকল্পটির অনুকূল এডিপি বরাদ্দ রয়েছে ৬০.০০ কোটি টাকা। আলোচ্য বাঁধের ঢাল ও নদী তীর সংরক্ষণ সংক্রান্ত প্যাকেজগুলোর কাজ সুষ্ঠু বাস্তবায়নের জন্য আরএডিপিতে আরও অতিরিক্ত ৭৫.০০ কোটি টাকাসহ মোট ১৩৫.০০ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় জুন ২০২০ এর মধ্যে আলোচ্য প্যাকেজসমূহের সকল ভৌত কাজ সম্পন্ন করার জোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভায় যুগ্মপ্রধান, পাসম জানান, প্রয়োজন অনুযায়ী বর্তমান অর্থ বছরে বাজেটে অতিরিক্ত অর্থের সংস্থান করা সম্ভব হবে।	(ক) বাঁধের ঢাল ও নদী তীর সংরক্ষণ সংক্রান্ত ১০ টি প্যাকেজ জুন ২০২০ এর মধ্যে সমাপ্ত করার সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক। (খ) ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত ৬০.০০ কোটি টাকার অতিরিক্ত আরও ৭৫.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে : যুগ্ম-প্রধান, পাসম।

২	প্রকল্প পরিচালক আরও জানান যে, প্রকল্পটির আওতায় ৬টি প্যাকেজে ৭ কিঃমিঃ ড্রেজিং কাজের সংস্থান রয়েছে। IWM কর্তৃক উক্ত ড্রেজিং কাজের ম্যাথমেডিক্যাল মডেল স্টাডি সম্প্রতি সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই স্টাডির চূড়ান্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে ড্রেজিং কাজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, ড্রেজিং কাজকে ভাগ করে ছোট ছোট প্যাকেজে অন্তর্ভূক্ত করা হয়েছে এতে উক্ত কাজ বাস্তবায়নের জন্য মানসম্পন্ন ঠিকাদার পাওয়া দুস্কর। ড্রেজিং কাজের প্যাকেজ সংখ্যা কমিয়ে ২ টি প্যাকেজের আওতাভুক্ত করার জন্য এবং IWM কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে দ্রুত ড্রেজিং কাজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	(ক) ড্রেজিং কাজের প্যাকেজ সংখ্যা কমিয়ে ২টি প্যাকেজের আওতাভূক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) IWM কর্তৃক দাখিলকৃত ম্যাথমেটিক্যাল মডেল স্টাডির চূড়ান্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে দ্রুত ড্রেজিং কাজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৯.১৮-২৬

তারিখ: ৫ মাঘ ১৪২৬
১৯ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি)।
৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “মেঘনা নদীর ভাঙন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ড হার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা” শীর্ষক প্রকল্প, ভোলা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।
১৫) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), ভোলা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ভোলা।
১৬) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)